NUTRITION OLYMPIAD 2020
নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০

"Let Better Nutrition Be the Motto of Youth"

BICC, Dhaka

GUIDELINES FOR MINI ESSAY COMPETITION
- NUTRITION FOR THE FIRST 1000 DAYS -

The Nutrition Olympiad is an annual national event where youth have an opportunity to enhance youth and adolescent capacity in advocacy for zero hunger and promotion of healthy diets through partnerships. The Nutrition Olympiad 2020 will be organized by the Meeting the Undernutrition Challenge (MUCH) project, implemented by the Food and Agriculture Organization of the United Nations (FAO) in collaboration with the Food Planning and Monitoring Unit (FPMU), Ministry of Food, and the BIID Foundation. The event will be financially supported by the European Union (EU). Among the different activities of the Nutrition Olympiad 2020, there will be a mini essay competition on the theme **"Role of Nutrition in the First 1000 Days of Life"**.

The first 1000 days of life is the period between conception and a child's 2nd birthday – a unique window of opportunity to support child development and long term health. This critical period of time has an enormous short- and long-term impact on the health and wellbeing of unborn babies, infants, and young children, as well as on the pregnant and lactating women.

In your essay on the above subject, we request you to highlight the importance of "Nutrition in the First 1000 Days of Life". You can speak about the benefits of nutrition both for the mother (prenatal and postnatal) and the child. Kindly note that we are looking for original ideas. You may refer to books, publications and internet to gather content to write your essay; however, the essay should be written in your own words with correct references as and when needed. Any form of plagiarism will result in automatic disqualification. Usage of footnotes is compulsory. The judges for this competition include policy makers, technical officials from the United Nations, academia, practitioners and others who are working in the field of Food Security and Nutrition.

The selection of the best essays will be done prior to the Nutrition Olympiad. Once you are selected, BIID Foundation will send a notification and you will be invited to the Closing Ceremony where the best essays of each age group will be awarded. The three best essays will be published in the Nutrition Olympiad 2020 website. Selected participants are requested to complete their registration through Nutrition Olympiad 2020 website. The judges for this competition include policy makers, technical officials from the United Nations, academia, practitioners and others who are working in the field of Food Security and Nutrition.

Instructions for essay submission

- **Eligibility**: Any youth aged from 10 to 24 years old and who are passionate about nutrition
- **Registration:** Every participant will require the registration through the Nutrition Olympiad 2020 website.
- **Age groups**: Group A: 10-12 years; Group B: 13-17 years; and Group C: 18-24 years
- **Word limit**: 1,500 words, excluding cover page, table of content, references, tables, charts and graphs.
- **Language**: Bengali (for group A) and English (for groups B &C)
- **Font**: Times New Roman (for English) & with size of 12 and Bijoy Font (for Bangla) with size 14 and space of 1.5
- **Margins:** left margin should be 4 cm; right margin 3cm; top margin 3cm; and bottom margin 3cm
- **Paper size**: A4
- **Format**: PDF
- **Deadline**: XX (applications must be received, either via e-mail or post, by this date)
- **Address for applications**:
  1. Postal: House # 174, Level# 2, Apt. B3, Road # 2, Mohakhali DOHS, Dhaka-1206, Bangladesh
  2. E-mail : info@biid.org.bd

     The subject line should be "**Essay Competition**" for both postal and e-mail applications.
- Any form of plagiarism will result in automatic disqualification.
- Usage of footnotes is compulsory.
- The judges' decision is final and not subject to appeal

One person or a group can apply for a maximum of two games

NUTRITION OLYMPIAD 2020

নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০

বিআইসিসি, ঢাকা

"সঠিক পুষ্টিই হোক তারুণ্যের মূলমন্ত্র"

রচনা প্রতিযোগিতার নির্দেশনা

- জীবনের প্রথম ১০০০ দিনে পুষ্টির ভূমিকা -

নিউট্রিশন অলিম্পিয়াড একটি বার্ষিক জাতীয় অনুষ্ঠান যা ক্ষুধামুক্তি এবং সম্মিলিতভাবে স্বাস্থ্যকর খাদ্য প্রসারে কিশোর-কিশোরী এবং তরুণদেরকে দক্ষতা বৃদ্ধির সুযোগ করে দেয়। মিটিং দ্যা আন্ডারনিউট্রিশন চ্যালেঞ্জ (এমইউসিএইচ) প্রকল্প আয়োজিত নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ খাদ্য পরিকল্পনা এবং মনিটরিং ইউনিট (FPMU), খাদ্য মন্ত্রণালয়, এবং বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (BIID) এর সহায়তায় জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) বাস্তবায়ন করবে। অনুষ্ঠানটির আর্থিক সহযোগিতা করবে ইউরোপীয় ইউনিয়ন (EU)। নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ এর বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি হলো রচনা প্রতিযোগিতা, যার বিষয়বস্তু **"জীবনের প্রথম ১০০০ দিনে পুষ্টির ভূমিকা"**।

জীবনের প্রথম ১০০০ দিন হচ্ছে গর্ভধারণ থেকে শুরু করে শিশুর ২য় জন্মদিন পর্যন্ত সময় যা শিশুর বিকাশ এবং দীর্ঘমেয়াদী স্বাস্থ্য উন্নয়নে সহায়তা দেয়ার একটি দারুণ সময়। এই গুরুত্বপূর্ণ সময়টি গর্ভস্থ শিশু, নবজাতক এবং ছোট শিশুর স্বাস্থ্য এবং ভালো থাকার উপর স্বল্প অথবা দীর্ঘমেয়াদী প্রভাবের পাশাপাশি গর্ভবতী এবং প্রসূতি মায়ের স্বাস্থ্যের উপরও প্রভাব ফেলে।

রচনায় বিষয়বস্তু অনুযায়ী জীবনের প্রথম ১০০০ দিনে পুষ্টির গুরুত্বের উপর বেশি জোর দেয়ার অনুরোধ করা হচ্ছে। রচনায় মা (প্রসব পূর্ববর্তী এবং প্রসব পরবর্তী) এবং শিশুর উভয়ের জীবনেই পুষ্টির উপকারিতা তুলে ধরা যেতে পারে। অনুগ্রহ করে মনে রাখতে হবে, এ বিষয়ে আমরা মৌলিক ধারণা আশা করেছি। বিভিন্ন বই, প্রকাশনা এবং ইন্টারনেটের সাহায্য নিয়ে রচনার বিষয়বস্তুগুলোকে সমৃদ্ধ করা যেতে পারে, তবে রচনাটি নিজের ভাষায় সঠিক উৎস উল্লেখ করে লিখতে হবে। তবে অন্যের লেখা নকল করলে তাকে সরাসরি অযোগ্য ঘোষণা করা হবে। রচনায় পাদটীকার ব্যবহার বাঞ্ছনীয়। এই প্রতিযোগিতার বিচারক হিসেবে থাকবেন বিভিন্ন নীতি নির্ধারকমন্ডলী, জাতিসংঘের কারিগরী কর্মকর্তারা, শিক্ষক এবং খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি বিষয়ে কর্মরত ব্যক্তিগণ।

সবচেয়ে ভালো রচনাটি নিউট্রিশন অলিম্পিয়াডের পূর্বেই নির্বাচন করা হবে। আপনি নির্বাচিত হলে BIID ফাউন্ডেশন আপনার সাথে যোগাযোগ করবে এবং অলিম্পিয়াডের সমাপনী অনুষ্ঠান যেখানে প্রতিটি বয়সবিভাগে সেরা রচনা লেখকদেরকে পুরস্কৃত করা হবে, সেই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে। সেরা তিনটি রচনা নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। নির্বাচিত অংশগ্রহণকারীদের নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ এর ওয়েবসাইটে নিবন্ধন করার অনুরোধ করা হচ্ছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ

- **যোগ্যতা:** পুষ্টি নিয়ে আগ্রহী ১০ থেকে ২৪ বছর বয়সী যে কোন তরুণ সদস্য
- **রেজিস্ট্রেশন:** সকল অংশগ্রহণকারীকে নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।
- **বয়সবিভাগ:** ক বিভাগ: ১০ থেকে ১২ বছর; খ বিভাগ: ১৩ থেকে ১৭ বছর; গ বিভাগ: ১৮ থেকে ২৪ বছর
- **শব্দসীমা:** ১৫০০ শব্দ (কভার পেইজ/প্রচ্ছদ, সূচিপত্র, রেফারেন্স, টেবিল, চার্ট, গ্রাফ ব্যাতিরেকে)
- **ভাষা:** বাংলা (ক বিভাগ এর জন্য) এবং ইংরেজি (খ এবং গ-বিভাগের জন্য)
- **ফন্ট:** Times New Roman (ইংরেজির জন্য), ফন্টের আকার- ১২, বিজয় (বাংলার জন্য), ফন্টের আকার- ১৪, লাইন স্পেস- ১.৫
- **মার্জিন:** বামপাশে ৪ সে.মি., ডানপাশে ৩ সে.মি., উপরে ৩ সে.মি., নিচে ৩ সে.মি.
- **কাগজ:** A4
- **ফরম্যাট:** PDF
- **পাঠানোর শেষ তারিখ:** xx (এই তারিখের মধ্যে অবশ্যই ই-মেইল অথবা ডাকযোগে রচনা পৌঁছাতে হবে)।
- **রচনা পাঠানোর ঠিকানা:**

  ১. ডাকযোগে পাঠানোর ঠিকানা: বাড়ি # ১৭৪, লেভেল # ২, অ্যাপার্টমেন্ট # বি৩, রোড # ২, মহাখালি ডিওএইচএস, ঢাকা-১২০৬, বাংলাদেশ।

  ২. ই-মেইলঃ info@biid.org.bd

ডাকযোগে অথবা ই-মেইল উভয় ক্ষেত্রে রচনা পাঠানোর সময় বিষয়ের ঘরে "**Essay Competition**" লিখে দিতে হবে।

- যেকোন ধরনের অসুদোপায় অবলম্বনকারীর আবেদন বাতিল হয়ে যাবে।
- পাদটীকা ব্যবহার করা আবশ্যক।
- বিচারকগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং কোনো পুনঃনিরীক্ষার আবেদন গ্রহণযোগ্য হবে না।

একজন ব্যক্তি বা দল সর্বোচ্চ ২টি প্রতিযোগিতায় আবেদন করতে পারবে